ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
******

স-২৮২২

খোয়াই, ১১ সেপ্টেম্বর, ২০২৫

**খোয়াই পুর পরিষদ ভিত্তিক মনসা মঙ্গল প্রতিযোগিতা অনুষ্ঠিত**

খোয়াই পুর পরিষদের উদ্যোগে আজ নতুন টাউন হলে অনুষ্ঠিত হয় পুর পরিষদ ভিত্তিক মনসা মঙ্গল প্রতিযোগিতা। অনুষ্ঠানের উদ্বোধন করে পুর পরিষদের চেয়ারপার্সন দেবাশীষ নাথ শর্মা বলেন, খোয়াই পুর পরিষদ লুপ্তপ্রায় কৃষ্টি, সংস্কৃতি বিকাশে নানা উদ্যোগ গ্রহণ করেছে। নিজস্ব কৃষ্টি, সংস্কৃতিকে আরও বিকশিত করে তুলতে তিনি সকল অংশের মানুষের প্রতি আহবান জানান। অনুষ্ঠানে অতিথি হিসেবে উপস্থিত ছিলেন পুর পরিষদের ভাইস চেয়ারপার্সন নিবাস সাহা, বিশিষ্ট সমাজসেবী বিনয় দেববর্মা প্রমুখ। অনুষ্ঠানে স্বাগত ভাষণ দেন পুর পরিষদের উপ মুখ্য কার্যনির্বাহী আধিকারিক অরুন দেবনাথ। পুর পরিষদ ভিত্তিক মনসা মঙ্গল প্রতিযোগিতায় বিভিন্ন ওয়ার্ডের ১০টি দল অংশ গ্রহণ করে। প্রতিযোগিতায় প্রথম, দ্বিতীয় ও তৃতীয় স্থানাধিকারী দলের হাতে অতিথিগণ পুরস্কার তুলে দেন। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন পুর পরিষদের ক্রীড়া ও সংস্কৃতি বিষয়ক স্থায়ী কমিটির সভাপতি পীযুষ কান্তি চৌধুরী।

*******